

সারাদেশ

ফরিদপুরে বাসচাপায় পাঁচজন নিহত, ৪ গাড়িতে আগুন দিল উত্তেজিত জনতা



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

ফরিদপুরের ভাঙ্গায় যাত্রীবাহী বাসচাপায় ৫ জন নিহত হয়েছেন। শনিবার সন্ধ্যা সোয়া ৭টার দিকে উপজেলার আলগি ইউনিয়নের সোয়াদী বাসস্ট্যান্ড এলাকায় ঢাকা-খুলনা মহাসড়কে এ দুর্ঘটনা ঘটনা ঘটে।

ঘটনার পর উত্তেজিত এলাকাবাসী মহাসড়কের অন্তত চারটি গাড়িতে আগুন ধরিয়ে দিয়েছে। বর্তমানে স্থানীয়রা সড়কটি অবরোধ করে রেখেছেন। ভাঙ্গা থানার ওসি মো. মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন।

নিহতরা হলেন- ভাঙ্গা উপজেলার আলগী ইউনিয়নের সুয়াদী এলাকার আরিফ মাতুব্বর (২৫), ওবায়দুল সেক (৪০), জয়নাল মিয়া (২৪), নুরননবী সেক (১২), ও হাফিজুর (৫০)। এছাড়া সুয়াদী গ্ৰামের সেতু মাতব্বরকে মুমূর্ষ অবস্থায় ভাঙ্গা হাসপাতাল থেকে ফরিদপুর মেডিকেল কলেজে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, ঢাকা-খুলনা মহাসড়কে বিকল হয়ে দাঁড়িয়ে ছিল পিকআপটি। ঢাকা থেকে খুলনাগামী নড়াইল এক্সপ্রেসের যাত্রীবাহী বাসটি দাঁড়িয়ে থাকা পিকআপটিকে জোরে ধাক্কা দেয়। এতে হতাহতের ঘটনা ঘটে।

ওসি বলেন, দুর্ঘটনার পর পরই বিক্ষুব্ধ জনতা বাসটি আটক করে এবং তাতে আগুন ধরিয়ে দেয়। এ ঘটনায় মহাসড়কে কিছু সময় যান চলাচল ব্যাহত হয়।

খবর পেয়ে হাইওয়ে পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয় লোকজন গিয়ে আহতদের উদ্ধার করে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠায়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে যান চলাচল স্বাভাবিক করে।

দুর্ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান কাজ চলছে বলে জানিয়েছেন ওসি মিজানুর রহমান।

এ বিভাগের আরও খবর



রাউজের ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাউজের ইয়াবাসক্ত ছেলের অভ্যচার ও হত্যার ছমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি হিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেজি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ।সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেজ কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অগ্রাঙ্ক বয়সসহ সামাজিক পরিস্থিতি বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল সোম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/fridpure-baschapay-panchni-4-garite-agun-dil-uttej-it-jnta>